**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**কাঞ্চন শাখা, থানা-রূপগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স মারুফ সাজিদ এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী-আব্দুল কাইয়ুম, পিতাঃ মৃত গিয়াস উদ্দিন, মাতাঃ মোসাঃ জোবেদা খাতুন, ব্যবসায়িক ঠিকানাঃ গ্রাম-দুয়ারা, পোঃ-পুটিনা, থানা-রূপগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম-দুয়ারা, পোঃ-পুটিনা, থানা-রূপগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কাঞ্চন শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **১১/০২/২০১৯ইং** তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩৯,২০,৮৬৮.২১ (উনচল্লিশ লক্ষ বিশ হাজার আটশত আটষট্টি টাকা একুশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

(১) জেলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-রূপগঞ্জ, মৌজা-দুয়ারা, জে.এল. নং-৫০, খতিয়ান নং-আর.এস.-৩৩ এবং এস.এ.৭৪, দাগ নং-সি.এস. ও এস.এ.-৪৩১ এবং আর.এস.-৭৩৮, মিউটেশন খতিয়ান-২৪৩; জমির পরিমাণ (১৩+১০) = ২৩ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-ফয়জদ্দিন গং, দক্ষিণে-আবু বক্কর সিদ্দিক, পূর্বে-ফয়জদ্দিন এবং পশ্চিমে-আব্দুল হাই।

(২) জেলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-রূপগঞ্জ, মৌজা-দুয়ারা, জে.এল. নং-৫০, খতিয়ান নং-আর.এস.-৫৯, ৬২, ৮৭, ৮৯, ৯১ এবং এস.এ.-১০৩, দাগ নং-সি.এস. ও এস.এ.-৪৯২ এবং আর.এস.-১৩৩, ৮৭৭, ৮৮০, মিউটেশন খতিয়ান-২৪২; জমির পরিমাণ-১৯ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-গিয়াসউদ্দিন, দক্ষিণে-গোলজার গং, পূর্বে-হেলাল গং এবং পশ্চিমে-সরকারি হালট।

(৩) জেলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-রূপগঞ্জ, মৌজা-দুয়ারা, জে.এল. নং-৫০, খতিয়ান নং-আর.এস.-৯১, সি.এস.-৭২ এবং এস.এ.-৫৮, দাগ নং-সি.এস. ও এস.এ.-৪৩ এবং আর.এস.-১৩৩, মিউটেশন খতিয়ান-২৯২; জমির পরিমাণ ৩ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-তোফাজ্জল, দক্ষিণে-হেলাল গং, পূর্বে-ইমান আলী এবং পশ্চিমে-আজাহান।

(৪) জেলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-রূপগঞ্জ, মৌজা-বাগপাড়া, জে.এল. নং-৪৮, খতিয়ান নং-আর.এস.-২০০, ২০৫ এবং এস.এ.-১৭০, দাগ নং-এস.এ.-২৫৫ এবং আর.এস.-৩১৬, মিউটেশন খতিয়ান-৫১৭; জমির পরিমাণ-৭ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-মান্নান গং, দক্ষিণে-আব্দুল হাই গং, পূর্বে-দুদু মিয়া এবং পশ্চিমে-ফজল গং।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ০৭/০৩/২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কাঞ্চন শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কাঞ্চন শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ  দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, কাঞ্চন শাখা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।